

বিজ্ঞপ্তি নং: ৫৫

তারিখ: ৭/১২/১৭

বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সালের অনার্স ৩য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত বিষয় ও তারিখ অনুযায়ী জনতা ব্যাংক কলেজ বুথ শাখায় (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) প্রয়োজনীয় ফি জমা দিয়ে বিশ্ববিদ্যালয়ের শর্ত অনুযায়ী ফরম পূরণ করে স্ব স্ব বিভাগে জমা দেয়ার জন্য বলা হলো। ফরম পূরণের নিয়মাবলী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট/কলেজ ওয়েব সাইট/নোটিশ বোর্ড থেকে জানা যাবে।

ক্রমিক নং	কলা অনুষদ	সামাজিক বিজ্ঞান অনুষদ	বিজ্ঞান অনুষদ	ব্যবসায় প্রশাসন অনুষদ	তারিখ	সময়সূচী
১	বাংলা / ইংরেজী	রাষ্ট্রবিজ্ঞান	উদ্ভিদবিদ্যা/গণিত	হিসাববিজ্ঞান	১০/১২/২০১৭	সকাল ১০.০০ টা হতে দুপুর ৩.০০ টা পর্যন্ত
২	আরবি ও ইসলামি শিক্ষা	অর্থনীতি	পদার্থবিজ্ঞান	ব্যবস্থাপনা	১১/১২/২০১৭	
৩	দর্শন / ইতিহাস	সমাজবিজ্ঞান	রসায়ন	ফিন্যান্স এন্ড ব্যাংকিং	১২/১২/২০১৭	
৪	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি		প্রাণিবিদ্যা	মার্কেটিং	১৩/১২/২০১৭	

পরীক্ষা ফি

ক্রমিক নং	বিষয়	টাকার পরিমাণ	ক্রমিক নং	বিষয়	টাকার পরিমাণ
০১	তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র)-বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত	২০০/-	০৮	সেশন ফি	১১২৫/-
০২	তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র)-বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত	১৪০/-	০৯	পুনঃভর্তি ফি	১২.৫০
০৩	ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত	২০০/-	১০	বিবিধ	১০০/-
০৪	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) বিশ্ববিদ্যালয়ে জমা হবে	১০০/-	১১	ব্যবস্থাপনা	৫০/-
০৫	কেন্দ্র ফি তত্ত্বীয় প্রতি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত	৪৫০/-	১২	৩য় বর্ষ প্রস্তুতিমূলক পরীক্ষার ফি (বকেয়া)	৪০০/-
০৬	ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি প্রতি শিক্ষার্থী ফি	২০৫/-	১৩	ইনকোর্স পরীক্ষার ফি (৪র্থ বর্ষের জন্য প্রযোজ্য)	২০০/-
০৭	বেতন ০১(এক) বছরের ১২×২৫/-	৩০০/-	১৪	প্রস্তুতিমূলক পরীক্ষার ফি (৪র্থ বর্ষের জন্য প্রযোজ্য)	৪৫০/-

০১। আবেদন ফরম সংগ্রহঃ

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd অথবা www.nubd.info/honours প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফি সহ স্ব-স্ব বিভাগে জমা দিবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি অবশ্যই উল্লেখ থাকবে।

খ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আটকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০২। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ

ক) নিয়মিতঃ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০১৬ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীর ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিতঃ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়নঃ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স (নিয়মিত) পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে তারা যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও উক্ত পরীক্ষায় যারা C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।